Sanatan Dharma



গীতার ১৮ টি নামের মাহাত্ব্য

গীতার ১৮ টি নামের মাহাত্ব্য??

০১) গঙ্গা - এর অর্থ হল, গঙ্গায় ডুব দিলে কোন ব্যাক্তি তার সকল পাপ নাশ করতে পারে ।তাই সবার প্রথমে গঙ্গার নাম নেয়া হয়।

০২) গীতা -যে ব্যাক্তি গীতাপাঠ করেন সেই মুহূর্তেই তার সকল পাপ নাশ হয় । তাই এখানে গীতার কথা বলা হয়েছে।

০৩) সাবিত্রী -তিনি এতটাই স্বতী ছিলি যে, সে তার মৃত স্বামীর প্রান ফিরিয়ে এনেছিলি। তাই এখানে সাবিত্রীর কথা বলা হয়েছে।

০৪) সীতা -ভগবান রামের স্ত্রী ,মাতা সীতা এতটাই পবিত্র ছিলি যে, রাবণ শত চেষ্টার পরেও তা নষ্ট করতে পারেনি। তাই সীতা নাম মহাপবিত্র বলা হয় ।

০৫) সত্ব্যা -সত্ব্যা বলতে আমাদের আত্মার কথা বলা হয়েছে।আত্মা যেমন আমর গীতাও তেমনি অমর।

০৬) পতিব্রতা -পতিব্রতা বলতে ভগবানের প্রতি আনুগত্য থাকা।কারন একমাত্র ভগবান সকলের পতি আর আমরা সকলেই তার পত্নী।

০৭) ব্রহ্মাবলী -ব্রহ্মশক্তী থেকে নির্গত শক্তীকে বলাহয় ব্রহ্মাবলী।যে শক্তীর বিনাশ নেই।

০৮) ব্রহ্মবিদ্যা-ব্রহ্মবিদ্যাকে আমরা ব্রহ্মাবলীর অনুরুপ বলতে পারি।

Published on: Dec, 05 2022 13:06

০৯) ত্রিসন্ধ্যা - ত্রিসন্ধ্যা মানে হল তিন কালের সমষ্ঠী যথা,ইহকাল, বর্তমান কাল ও পরকাল।

১০) মুক্তিগ্রহীনি-গীতাপাঠ করলেই মুক্তি পাওয়া সম্ভব।তাই এই নাম ব্যবহার করা হয়েছে।

১১) অর্ধমাত্রা -গীতায় ভগবান বলেছেন গীতা তার অর্ধক তাই এই অর্থ ব্যবহার করা হয়েছে।

১২) চিরানন্দা- চিৎ জগতের যে আনন্দ তাই চিরানন্দা।

১৩) ভবগ্নী-(ভব+অগ্নি) অগ্নি যেমন সোনা পুরে খাঁটি সোনায় পরিবর্তন করে। ঠিক তেমনি গীতাই পারে আমাদের ভবপুরছর সকল পাপ দুর করতে।

১৪) ভ্রান্তি নাশিনী- আমরা আমাদের চারপাশের জিনিস দেখে বিভ্রান্ত হই। আর একমাত্র গীতাই পারে আমাদের এই ভ্রান্তি নাশ করতে।

১৫) বেদত্রয়ী- ত্রিবিদের সমান্যয়ে গঠীত শক্তিই হলো বেদত্রই।
১৬) পরানন্দা - অপরের দোষ না দেখে তার ভাল দিক দেখার মধ্যে যে আনন্দ।গীতায় তার কথাই বলা হয়েছে।

১৭-১৮) তথাস্তু জ্ঞানমঞ্জুরী - গীতা পৃথিবীর সকল জ্ঞান তথা বিজ্ঞানের আধার।তাই একে জ্ঞানমঞ্জুরী বলা হয়েছে।

****
****
ওঁ শ্রী পরমাত্মনে নমঃ।।
ওঁ নমো ভগবতে বাসুদেবায় নমঃ
শ্রীমদ্ভগবদ্গীতা শ্রীশ্রী-গীতা-মাহাত্ম্য-
(শ্রীভগবানুবাচ)-
যোঽভিমানেন গর্ব্বেণ গীতানিন্দাং করোতি চ ।
স যাতি নরকং ঘোরং যাবদাহূতসংপ্লবম্ ॥৭৫॥
অনুবাদ- যে ব্যক্তি অভিমান বা গর্ববশত গীতা নিন্দা করে, সে মহাপ্রলয় কাল পর্যন্ত ঘোর নরকে বাস করিয়া থাকে॥৭৫॥
==========
শ্রীমদ্ভগবদ্গীতা পাঠ অন্তে গীতার স্মরণীয় নামগুলি জপ করবিনে -
যথাঃ-গঙ্গা, গীতা, সাবিত্রী, সীতা, সত্ত্বা, পতিব্রতা, ব্রহ্মবলি, ব্রহ্মবিদ্যা, ত্রিসন্ধ্যা, মুক্তি-গেহিনী, অর্ধমাত্রা, চিদানন্দা, ভবঘ্নী, ভ্রান্তী নাশিনী, বেদত্রয়ী, পরানন্দা, তত্ত্বার্থ, জ্ঞানমঞ্জরী।

শ্রীমদ্ভগবদ্গীতা পাঠ অন্তে শ্রীকৃষ্ণের নিকট ক্ষমা প্রার্থনা-
ওঁ যদক্ষরং পরিভ্রষ্টং মাত্রাহীনঞ্চ যদ্ ভবেৎ ।
পূর্ণং ভবতু ত্বৎ সর্বং ত্বৎ প্রসাদাৎ জনার্দ্দন ।।
মন্ত্র হীনং ক্রিয়া হীনং ভক্তিহীনং জনার্দ্দন ।
যৎ পূজিতং ময়া দেবে পরিপূর্ণং তদস্তুমে ।।
(জয় গীতা, জয় গীতা, জয় গীতা,)